



নং- ৪৫.১৪২.০১৯.০০.০০.০৩৬.২০১৬-৪৭৫

তারিখঃ ১২.০৭.২০২০ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, ডাঃ সাবরিনা শারমিন হুসাইন (১১১৬৭৯) রেজিস্ট্রার, কার্ডিয়াক সার্জারি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা সরকারী চাকুরীতে কর্মরত থাকা অবস্থায় বেসরকারী প্রতিষ্ঠান জেকেজির চেয়ারম্যান হিসেবে কর্মরত ছিলেন এবং করোনা টেস্টের ভূয়া রিপোর্ট প্রদান ও অর্থ আত্মসাৎের সাথে সংশ্লিষ্ট ছিলেন বিধায় অদ্য ১২.০৭.২০২০ ইং পুলিশ কর্তৃক গ্রেফতার হয়েছেন।

০২। যেহেতু, সরকারী কর্মকর্তা হয়ে সরকারের অনুমতি ব্যতিত বেসরকারী প্রতিষ্ঠানের চেয়ারম্যান পদে অধিষ্ঠিত থাকা এবং অর্থ আত্মসাৎ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ সেহেতু ডাঃ সাবরিনা শারমিন হুসাইন (১১১৬৭৯) রেজিস্ট্রার, কার্ডিয়াক সার্জারি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ (১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হলো এবং তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্ত হবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-  
(মো. আবদুল মান্নান)  
সচিব

নং- ৪৫.১৪২.০১৯.০০.০০.০৩৬.২০১৬-৪৭৫

তারিখঃ ১২.০৭.২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (আদেশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)
২. অধ্যক্ষ/পরিচালক, .....
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব, পার-২/৩/৪ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। তাঁকে প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা। (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো।)
৮. সহকারী পরিচালক, এইচআরএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. তথ্য অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সি-জিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, .....
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
১৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫. যুগ্ম সচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. ডাঃ .....

  
(শামীমা নাসরিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৪